

## হাইড্রোকার্বন ইউনিট

### ১. ভূমিকাঃ

জ্বালানি খাতে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন সংস্কার কার্যক্রমে পরামর্শ প্রদান, দেশী ও বিদেশী বিনিয়োগকারীদের অংশগ্রহণ উৎসাহিতকরণ এবং তাঁদের কার্যক্রম তত্ত্বাবধানের লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এবং রাজকীয় নরওয়ে সরকারের আর্থিক সহায়তায় প্রণীত ২টি সমীক্ষা প্রতিবেদনে হাইড্রোকার্বন ইউনিটকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের Technical Arm/কারিগরী ইউনিট হিসেবে সৃজনের সুপারিশ করে। এ লক্ষ্যে রাজকীয় নরওয়ে সরকারের আর্থিক অনুদান এবং Norwegian Petroleum Directorate (NPD) এর কারিগরী সহায়তায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনে উন্নয়ন প্রকল্প হিসেবে হাইড্রোকার্বন ইউনিটের প্রথম পর্যায়ের কর্মকান্ড [Strengthening of the Hydrocarbon Unit (Phase-I)] বিগত জুলাই ১৯৯৯-এ শুরু হয়ে মার্চ ২০০৬ পর্যন্ত চলে। প্রথম পর্যায়ের কর্মকান্ড সফল সমাপ্তির পর নরওয়ে সরকারের আগ্রহ এবং আর্থিক অনুদানে হাইড্রোকার্বন ইউনিট দ্বিতীয় পর্যায়ের প্রকল্প হিসেবে [Strengthening of the Hydrocarbon Unit (Phase-II)] পুনরায় এপ্রিল ২০০৬ হতে কার্যক্রম শুরু করে যা ডিসেম্বর ২০১৩ পর্যন্ত চলে। তবে দ্বিতীয় পর্যায় প্রকল্পের এ আর্থিক অনুদান এশীয় উন্নয়ন ব্যাংকের তত্ত্বাবধানে পরিচালিত হয়। অপরদিকে, সরকার বিগত মে ২০০৮ সালে হাইড্রোকার্বন ইউনিট-কে একটি স্থায়ী কাঠামো হিসেবে রূপদান করে। এ ধারাবাহিকতায় হাইড্রোকার্বন ইউনিটে জনবল নিয়োগের বিধিমালা চূড়ান্ত করা হয় এবং গত ২২ জুলাই ২০১৩ তারিখে বিধিমালাটি গেজেট আকারে প্রকাশিত হয়। তারপর ০১ জানুয়ারি ২০১৪ সাল হতে হাইড্রোকার্বন ইউনিট রাজস্ব বাজেটে পরিচালিত হচ্ছে।

জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক শক্তি হিসেবে হাইড্রোকার্বন ইউনিট চাহিদানুযায়ী বিভিন্ন নীতিমালা, MoU, SDG's Action Plan, গ্যাস চাহিদা, গ্যাস ক্ষেত্র উন্নয়ন, গ্যাস সেক্টরের ভবিষ্যত পরিকল্পনা, পিএসসি'র জেআরসি/জেএমসি'র সভায় পর্যবেক্ষক হিসেবে অংশগ্রহণ ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ক নীতিমালা প্রণয়নে সক্রিয় অংশগ্রহণ ও মতামত প্রদান করেছে।


### সার্বিক কর্মকান্ড বা কার্যাবলীঃ

হাইড্রোকার্বন ইউনিটে প্রকল্পের কার্যক্রম শুরু হওয়ার পর থেকে অদ্যবধি যে সমস্ত কার্যক্রম চলে আসছে তার বিবরণ নিম্নে প্রদান করা হ'লঃ

- "Gas Reserve and Production" শীর্ষক মাসিক প্রতিবেদন প্রকাশ;
- "Gas Production and Consumption" শীর্ষক বার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- তৈল ও গ্যাসের মজুদ ও সম্ভাব্য উৎস নিরূপন ও হালনাগাদকরণ;
- জ্বালানী সংক্রান্ত ডাটাবেস এর হালনাগাদকরণ ও সম্প্রসারণ;
- উৎপাদন বন্টন চুক্তি এবং যৌথ উদ্যোগ চুক্তি বিষয়ে মতামত প্রদান;
- জ্বালানীর অভ্যন্তরীণ ও আঞ্চলিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণ;
- তৈল ও গ্যাসের অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদন এর পরিকল্পনা ও পর্যালোচনা;
- জ্বালানী খাতের সংস্কার বিষয়ে সুপারিশকরণ এবং কার্যক্রমে অংশগ্রহণ;
- বেসরকারী খাতের সহিত যোগাযোগ করাসহ আগ্রহী উদ্যোক্তাদের সহায়তা প্রদান;

- আমন্ত্রণাত্মক সহযোগিতা, চুক্তি ও সমঝোতায় অংশগ্রহণ;
- গ্যাসের উৎপাদন ও ডিপ্লেসন পরিকল্পনা প্রণয়ন;
- পরিবেশ ও নিরাপত্তা সংক্রান্ত নীতিমালা প্রণয়নে সহায়তা প্রদান;
- পেট্রোলিয়াম পরিশোধন, সংরক্ষণ ও বিপণন কার্যাদি পর্যালোচনা ও পরিবীক্ষণ;
- পেট্রোলিয়ামজাত পদার্থের চাহিদা, বাজারজাত পর্যালোচনাসহ পরিবীক্ষণ কর্মকান্ডে সহায়তা প্রদান;
- মাইনিং সংক্রান্ত প্রস্তাবের উপর মতামত প্রদানসহ পরামর্শ প্রদান;
- কয়লাসহ অন্যান্য খনিজ সম্পদ বিষয়ক আইন-কানুন এবং নীতিমালা প্রভৃতি বিষয়ে সার্বিক সহায়তা প্রদান;
- জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক শক্তি হিসেবে দায়িত্ব পালন;
- জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

### হাইড্রোকার্বন ইউনিটের সাংগঠনিক কাঠামোঃ



### জনবল কাঠামোঃ

সংস্থা	অনুমোদিত পদের সংখ্যা					কর্মরত জনবলের সংখ্যা				
	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	মোট	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী	৪র্থ শ্রেণী	মোট
হাইড্রোকার্বন ইউনিট	১৬ জন	০২ জন	০৮ জন	১০ জন	৩৬ জন	০৬ জন	-	০৩ জন	১০ জন	১৯ জন

## ২.০ হাইড্রোকার্বন ইউনিটের অগ্রগতিঃ

বিদেশি পরামর্শক প্রতিষ্ঠান ও দেশীয় জ্বালানি বিশেষজ্ঞের সমন্বয়ে জ্বালানি সেক্টরের উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক জানুয়ারি ২০০৯ হতে জানুয়ারি ২০১৮ পর্যন্ত বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। কারিগরি প্রতিবেদনগুলো হচ্ছে গ্যাস মজুদ ও উৎপাদনের মাসিক প্রতিবেদন, গ্যাস উৎপাদন, বিতরণ ও কনজাম্পশন এর বার্ষিক প্রতিবেদন, Energy Scenario of Bangladesh প্রতিবেদন, Energy Economics প্রতিবেদন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থা ও পেট্রোবাংলার আওতাধীন কোম্পানীসমূহের ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে প্রতিবেদনসমূহ সহায়তা করবে।

### Oil and Gas:

- ❑ Annual Gas Production & consumption 2009-2010, 2010-2011, 2011-2012, 2012-2013, 2013-2014, 2014-2015, 2015-16, 2016-2017 & 2017-2018 (Total 07).
- ❑ Monthly Gas Reserve & Production January 2009- January 2018 (Total 120)
- ❑ Review of Techno-Economic Feasibility Study of Khalashpir Coal Mine
- ❑ Feasibility Study for Setting Up a Straddle Plant for NGL Extraction and Fractionation at Ashuganj
- ❑ Updated Report on Bangladesh Gas Reserve Estimation 2010
- ❑ Future Scenarios for the Bangladesh Petroleum Sector Development
- ❑ Final updated Report on Bangladesh Petroleum Potential and Resource Assessment 2010
- ❑ Monitoring and Supervision Procedures for Exploration & Development Activities
- ❑ Technical Auditing Procedures for Exploration & Development Activities
- ❑ Preliminary Study on Shale Gas Potentiality in Bangladesh.
- ❑ Consultancy Services for Gas Production Augmentation
- ❑ Report on Energy Economics
- ❑ Report on Energy Scenario of Bangladesh 2009-2010, 2010-2011, 2011-2012, 2012-2013, 2013-2014, 2014-2015, 2015-16 & 2016-2017 (Total 07).
- ❑ A Glossary of Terms Generally used in Petroleum and Mineral Resources Industry

### Petroleum Refining and Marketing:

- ❑ Review and Assessment Report on Refinery, Marketing, HSE and Policy & Regulations.
- ❑ Recommendation Report on Refinery, Marketing, HSE and Policy & Regulations.

### Mining:

- ❑ Coal Sector Development Strategy.
- ❑ Review of the existing Mining Act, Rules and Regulations and Recommendations.
- ❑ Review of the existing Mining operations of the Barapukuria Coal Mine and Recommendation on improvements.
- ❑ Action Plan and Guidelines for development of CBM, UCG and Hard Rock Projects.
- ❑ Mineral Resources Assessment.

### ৩.০ সেমিনার/সভা/সিম্পোজিয়ামঃ

হাইড্রোকার্বন ইউনিটের নিয়মিত কর্মকাণ্ডের মধ্যে বিবিধ গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে সুপারিশমালা প্রদান করা হয়। ইদানিংকালে আয়োজিত কতিপয় গুরুত্বপূর্ণ সেমিনার হচ্ছে-

- Seminar/Brain Storming Session on “Necessity of Harnessing Domestic Coal”
- Seminar/Brain Storming session on “Necessity of Creating a Separate Entity in Coal Sector of Bangladesh”
- Seminar on “Appropriate Method of Coal Mining in Bangladesh”
- Seminar/Brain Storming session on “Concept of Production Sharing Contract (PSC) in Coal Sector”
- Seminar on “National Coal Policy”
- Seminar on “Role of LNG in Energy Sector of Bangladesh”
- Seminar on “Energy Pricing Methodology”
- Seminar on “Bangladesh Energy Outlook”
- Seminar on Development of a Gas Production Database for Gas fields in Bangladesh
- Seminar on "SCADA Control System in Gas Transmission"
- Seminar on “Storage and transportation infrastructure capacity of BPC; Present: Future”
- বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের পক্ষ থেকে হাইড্রোকার্বন ইউনিটকে বিগত ০৫ মার্চ, ২০১৭ ইং তারিখে ঢাকাস্থ র্যাডিসন হোটেলে “**International Energy Efficiency Day 2017**” শীর্ষক একটি আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন করার দায়িত্ব প্রদান করা হয়। মাননীয় প্রতিমন্ত্রী জনাব নসরুল হামিদ, এম পি এবং দেশি-বিদেশি জ্বালানি বিশেষজ্ঞদের উপস্থিতিতে দিনব্যাপী আয়োজন সফলভাবে সমাপ্ত হয়।
- Seminar on Prepare for Action Plan of ‘Sustainable Development Goals (SDGs)
- Seminar on Revolutionary Changes in Energy Use focusing LPG
- Seminar on Heavy Mineral: Prospects in Bangladesh”
- Seminar on Energy Efficiency and Conservation in Bangladesh
- Seminar on Gas Exploration in Bangladesh: Past, Present & Future
- Seminar on Implementation of National Integrity strategy
- Seminar on Coal as a Primary Source of Energy Towards Energy Security of Bangladesh
- Seminar on Discovery of Natural Gas by BAPEX and Technical Term used in Exploration
- Seminar on Opportunities & Challenges of Bureau of Mineral Development (BMD) and Department of Explosives (DoE)”

- Seminar on “Earthquake Geology of Bangladesh and its Impact on Energy Sector”
- Seminar on “SDG Goal-7: Current Progress”
- Seminar on “Energy Efficiency and Conservation”
- Seminar on “Graduation from LDC: Bangladesh Perspective”

হাইড্রোকার্বন ইউনিট "জাতীয় শুদ্ধাচার কৌশল" -এর উপর ০৫ ডিসেম্বর, ২০১৮, মঙ্গলবার সেমিনারের আয়োজন করে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এন এম জিয়াউল আলম, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আহসানুল জব্বার, অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের Think-Tank হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক জনাব মোঃ হাব্বুন-অর-রশিদ খান উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সেমিনারে কি-নোট উপস্থাপন করেন জনাব আলতাফ হোসেন শেখ, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। এছাড়াও সম্মানিত অতিথিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন মহাপরিচালক, জিএসবি; বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ব্লু ইকোনমি সেল,



বিইআরসি, বিপিসি, পেট্রোবাংলা, বিপিআই, স্নেডা, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বিস্ফোরক পরিদপ্তর, BAPLEX, SGFL, SGCL, BGDCL, TGTDC, PGCL, পদ্মা ওয়েল কোম্পানী লিঃ, মেঘনা পেট্রোলিয়াম লিঃ -এর সরকারের উচ্চপর্যায়ের কর্মকর্তারা

ওয়ার্কশপে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে রিসোর্স পারসন হিসেবে জনাব আলতাফ হোসেন সেখ, উপ-সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ উপস্থিত ছিলেন। বক্তারা বাংলাদেশের সর্বস্তরে শুদ্ধাচার কৌশল দ্রুততম সময়ের মধ্যে প্রবর্তন করার জন্য সরকার কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় তুলে ধরেন।

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



হাইড্রোকার্বন ইউনিট গত ৩০ জানুয়ারী ২০১৮ তারিখ মঙ্গলবার “Coal as a Primary Source of Energy Towards Energy Security of Bangladesh” শীর্ষক একটি সেমিনার আয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ জাকির হোসেন। হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ খান উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সেমিনারে কি-নোট উপস্থাপন করেন জনাব মোহাম্মদ মাছুম, সহকারী পরিচালক, জিএসবি। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, ক্লু ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। বক্তারা বাংলাদেশে কয়লা উত্তোলনের বিভিন্ন পদ্ধতি ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।



হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



হাইড্রোকার্বন ইউনিট গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে “Discovery of Natural Gas by BAPEX and technical terms used in Exploration” শীর্ষক একটি সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইড্রোকার্বন ইউনিটের প্রাক্তন মহাপরিচালক প্রকৌশলী আনোয়ার হোসেন খান। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, ক্লু ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।




সেমিনার/ওয়ার্কশপ

**“Discovery of Natural Gas by BAPEX and technical terms used in Exploration”**

প্রধান অতিথিঃ প্রকৌশলী আনোয়ার হোসেন খান  
প্রাক্তন মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট

হাইড্রোকার্বন ইউনিট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
তারিখ: ২৬ ফেব্রুয়ারী ২০১৮

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ





হাইড্রোকার্বন ইউনিট ২৯ মার্চ ২০১৮ তারিখ বৃহস্পতিবার “Opportunities & Challenges of Bureau of Mineral Development (BMD) and Department of Explosives (DoE)” শীর্ষক একটি সেমিনারের

সেমিনার/ওয়ার্কশপ

HYDROCARBON  
Energy & Mineral Resources

**Opportunities & Challenges of Bureau of Mineral Development (BMD) and Department of Explosives (DoE)”**

প্রধান অতিথি: জনাব মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ  
জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
২৯ মার্চ ২০১৮ খ্রি:

আয়োজন করে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আহসানুল জব্বার। হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক জনাব মোঃ হারুন-অর-রশিদ খান উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সেমিনারে কি-নোট উপস্থাপন করেন বিএমডি ও বিস্ফোরক পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, রু ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী

এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



“জ্বালানি সেক্টর এবং দুর্যোগ প্রস্তুতি” শীর্ষক একটি সেমিনার ১৮ এপ্রিল ২০১৮ তারিখ বুধবার হাইড্রোকার্বন ইউনিট (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) -এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব নাজিমউদ্দিন চৌধুরী উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেগম পারভীন আকতার, অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।



সেমিনার/ওয়ার্কশপ



## “জ্বালানি সেক্টর এবং দুর্যোগ প্রস্তুতি”

প্রধান অতিথিঃ জনাব নাজিমউদ্দিন চৌধুরী  
সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

তারিখ: ১৮ এপ্রিল ২০১৮ ইং  
০৫ বৈশাখ ১৪২৫ বাংলা

সেমিনারে সভাপতিত্ব করেন মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট; এবং "Earthquake Geology of Bangladesh and its impact on Energy Sector" বিষয়ে Key-note paper উপস্থাপন করেন ডঃ সৈয়দ হুমায়ুন আখতার, অধ্যাপক, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। উক্ত সেমিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর, রু ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

সম্মানিত বক্তা এবং উপস্থিত সকলে বাংলাদেশের প্রেক্ষাপটে ভূমিকম্প সম্ভাবনা এবং জ্বালানি খাতে সম্ভাব্য ঝুঁকি এড়ানোর পদ্ধতিগত বিষয়ে মতবিনিময় করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



“SDG Goal-7: Current Progress” শীর্ষক একটি সেমিনার ১৫ মে ২০১৮ তারিখ মঙ্গলবার হাইড্রোকার্বন ইউনিট (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) -এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব এ এস এম মঞ্জুরুল কাদের, পরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট। সেমিনারে Key-note paper উপস্থাপন করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট।




সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)এর মহাপরিচালক ড. রেশাদ মহম্মদ ইকরাম আলী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো এর পরিচালক(যুগ্ম সচিব) জনাব মোঃ আব্দুল কাইয়ুম। সেমিনারে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর, রু ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়,


এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। সম্মানিত রিসোর্স পারসন এবং উপস্থিত সকলে Sustainable Development Goal-7 সংক্রান্ত এ যাবত অগ্রগতির বিষয়ে আলোচনা করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।



“Energy Efficiency and Conservation” শীর্ষক একটি সেমিনার ৩১ মে ২০১৮, বৃহস্পতিবার হাইড্রোকার্বন ইউনিট (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) -এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।



সেমিনার/ওয়ার্কশপ



HYDROCARBON UNIT  
Energy & Mineral Resources Division

## “Energy Efficiency and Conservation”

প্রধান অতিথিঃ সাহিন আহমেদ চৌধুরী  
চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল (ইপিআরসি)

হাইড্রোকার্বন ইউনিট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
তারিখঃ ৩১ মে ২০১৮

(ইপিআরসি) এর চেয়ারম্যান (সচিব) সাহিন আহমেদ চৌধুরী সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে সভাপতিত্ব করেন মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট; এবং Key-note paper উপস্থাপন করেন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শ্রেডা) এর সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ) জনাব সিদ্দিক জোবায়ের (অতিরিক্ত সচিব)। উক্ত সেমিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির

কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর, ক্ল ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ



“Graduation from LDC: Bangladesh Perspective” শীর্ষক একটি সেমিনার ১০ জুন ২০১৮, রবিবার হাইড্রোকার্বন ইউনিট (১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০) -এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ আহসানুল জব্বার সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব এ এস এম মঞ্জুরুল কাদের, পরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট; এবং Key-note paper উপস্থাপন করেন জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্ম সচিব), হাইড্রোকার্বন ইউনিট। উক্ত সেমিনারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ বিভাগ, পেট্রোবাংলা ও পেট্রোবাংলার কোম্পানীসমূহ, বিপিসি ও বিপিসির কোম্পানীসমূহ, বিইআরসি, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর, ক্ল ইকোনমি সেল, পাবলিক/প্রাইভেট বিশ্ববিদ্যালয়, প্রাইভেট কোম্পানী এবং হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সেমিনারটি অনুষ্ঠিত হয়।

হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক আয়োজিত নিয়মিত সেমিনারের একাংশ




সেমিনার/ওয়ার্কশপ

“Graduation from LDC: Bangladesh Perspective”

প্রধান অতিথিঃ জনাব মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মহালয়  
তারিখঃ ১০ জুন ২০১৮



## বিবিধ প্রতিবেদনসমূহ

- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ এর ইংরেজী সংস্করণে অন্তর্ভুক্তির জন্য ২০১৬-২০১৭ অর্থ বছরে তথ্যাদি হালনাগাদ পূর্বক প্রতিবেদন;
- বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৭ প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি/পরিসংখ্যানসহ প্রতিবেদন;
- আইসিটি Action Items বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন;
- হাইড্রোকার্বন ইউনিটের বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক এবং বার্ষিক প্রতিবেদন;
- মন্ত্রণালয় ভিত্তিক রাজস্ব ও উন্নয়ন খাতে কর্মসংস্থান সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন;
- অনির্দিষ্ট পেনশন কেস সংক্রান্ত মাসিক প্রতিবেদন;
- রাজস্ব খাতভূক্ত নন-ক্যাডার ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্যপদের মধ্যে সরাসরি নিয়োগযোগ্য ১০% সংরক্ষিত শূন্য পদের মাসিক প্রতিবেদন;
- মহিলা কোটা সংরক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন;
- সরকারী চাকুরীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের চাকুরীর কোটা, মুক্তিযোদ্ধাদের ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যার অনুকূলে বলবৎ করা সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন;
- বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত প্রতিবেদন মাসিক প্রতিবেদন;
- সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়নের মাসিক প্রতিবেদন, ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন;
- জাতীয় সংসদে ২০১৮ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তক প্রদেয় ভাষণে অন্তর্ভুক্তির জন্য তথ্যাদির প্রতিবেদন;
- ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তি জন্য তথ্য প্রতিবেদন প্রস্তুতকরণ;
- PSC এর Joint Management committee (JMC)/Joint Review Committee (JRC) সভার পর্যবেক্ষণ প্রতিবেদন;
- জাতীয় সংসদে প্রশ্নোত্তর প্রস্তুতকরণ;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন;
- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন;
- উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন;
- বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনায় উল্লিখিত উদ্ভাবনসহ অন্যান্য উদ্ভাবনের নাম ও কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন।

## ৪. জানুয়ারী ২০০৯ এর পূর্বের কার্যক্রমের সাথে বর্তমান সরকারের কার্যক্রমের তুলনামূলক বিশ্লেষণঃ

ডিসেম্বর ২০০৮ পর্যন্ত সেক্টর ভিত্তিক প্রতিবেদন/ওয়ার্কশপ/সেমিনার সংখ্যা	সেক্টর ভিত্তিক প্রতিবেদন/ওয়ার্কশপ/সেমিনার	জুন ২০১৮ পর্যন্ত সেক্টর ভিত্তিক প্রতিবেদন/ওয়ার্কশপ/সেমিনার এর সংখ্যা
১০৩	<b>Oil and Gas</b> সেক্টরের উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তক বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা	১৪৪
০০	<b>Petroleum Refining and Marketing</b> এর উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তক বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।	০২
০০	<b>Mining</b> এর উপর হাইড্রোকার্বন ইউনিট কর্তক বিশ্লেষণধর্মী কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।	০৫
০০	<b>Workshop/Seminar</b>	২৪

৫) বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্পের বর্ণনা (২০০২-২০০৮):

ক্রমিক নয়	প্রকল্প (মেয়াদকাল)/কার্যক্রম	প্রকল্পের মূল কার্যক্রম/উদ্দেশ্য	আর্থিক সংশ্লিষ্টতা (লক্ষ টাকায়)			জনকল্যাণে ভূমিকা	আর্থ সামাজিক সূচকে অবদান	মন্তব্য
			প্রাক্কলিত ব্যয়	অগ্রগতি				
				ব্যয়	%			
<b>জিওবি ও বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প:</b>								
১।	স্ট্রেন্গদেনিং অব দি হাইড্রোকার্বন ইউনিট ইন দি এনার্জি এন্ড মিনারেল রিসোর্সেস ডিভিশন (ফেইজ-১) (৩য় সংশোধিত)  (জুলাই ১৯৯৭ হতে জুন ২০০৫)	হাইড্রোকার্বন ইউনিটের আইনগত ও বিধিগত ভিত্তি তৈরি করা এবং হাইড্রোকার্বন ইউনিটের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় প্রশাসনিক পদ্ধতি নির্ধারণ।	১৩১৩.৫৯	১২৩২.০০	৯৪% (বাস্তব ১০০%)	হাইড্রোকার্বন ইউনিট প্রতিষ্ঠার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরি সহায়ক সংস্থা সৃষ্টিত হয়েছে।	হাইড্রোকার্বন ইউনিট প্রতিষ্ঠার মাধ্যমে আর্থ সামাজিক সূচকে অবদান রাখছে।	
২।	স্ট্রেন্গদেনিং অব দি হাইড্রোকার্বন ইউনিট ইন দি এনার্জি এন্ড মিনারেল রিসোর্সেস ডিভিশন (ফেইজ-২) (১ম সংশোধিত)  (জানুয়ারী ২০০৬ হতে ডিসেম্বর ২০১৩)	হাইড্রোকার্বন ইউনিটের কারিগরি দক্ষতা অধিকতর উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক টেকসইকরণের মাধ্যমে দেশের তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ সেক্টরের সঠিক পরিকল্পনা এবং ব্যবস্থাপনার জন্য তথ্যাদি প্রদান এবং পর্যালোচনার মাধ্যমে উপযুক্ত আইন প্রণয়ন ও সর্বোচ্চ পর্যায়ের সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ ও সহায়তাকরণ।	৩৬৯৭.৮০	৩৫৭১.৫০	৯৭% (বাস্তব ১০০%)	তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ সেক্টরের প্রভুত্বকৃত কারিগরি প্রতিবেদনগুলো দেশের জ্বালানি সেক্টরের পরিকল্পনা গ্রহণে বিশেষ ভূমিকা রাখছে।	কারিগরি প্রতিবেদনগুলো দেশের আর্থ সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে।	

৬. বাস্তবায়নাতীত উল্লেখযোগ্য প্রকল্প

- প্রাকৃতিক গ্যাস সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং হাইড্রোকার্বন ইউনিট শক্তিশালীকরণ সংক্রান্ত Capacity Building of Human Resources and Petroleum Resource Management শীর্ষক প্রকল্প হাতে নেয়া হয়েছে। উক্ত প্রকল্পের ওপর বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি (এসপিইসি)'র গত ২৪-১২-২০১৭ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী টিএপিপি পুনর্গঠন করে গত ৩১-০৫-২০১৮ তারিখে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ৭. মানব সম্পদ উন্নয়ন

হাইড্রোকার্বন ইউনিট এর সাংগঠনিক কাঠামোতে রাজস্ব খাতে অস্থায়ীভাবে ২৬ টি এবং চতুর্থ শ্রেণির (আউট সোর্সিং এর মাধ্যমে) ১০টি পদ সৃজন করা হয়েছে এর মধ্যে ২ টি পদে প্রেষনে এবং ৬ টি পদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ১৮ টি পদের মধ্যে ৭ টি পদের বিপরীতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনে রীট পিটিশন মামলা দাখিল করায় নিয়োগ প্রক্রিয়া আপাতত স্থগিত এবং ১১ টি পদের বিপরীতে জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

হাইড্রোকার্বন ইউনিটের ২০১৬-২০১৭ অর্থ বছরের জনবল সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	অনুমোদিত পদের নাম	অনুমোদিত পদ সংখ্যা	অনুমোদিত পদের বিপরীতে পূরণকৃত জনবল	শূন্য পদ সংখ্যা
১।	মহাপরিচালক	০১	০১ (প্রেষণ)	-
২।	পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)	০১	০১ (প্রেষণ)	-
৩।	পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)	০১	-	০১
৪।	উপ পরিচালক (মাইনিং ও অপারেশন)	০১	০১	-
৫।	উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	০১	০১	-
৬।	উপ পরিচালক (প্রশাসন ও আইসিটি)	০১	-	০১
৭।	উপ পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন)	০১	-	০১
৮।	সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)	০১	-	০১
৯।	সহকারী পরিচালক (মাইনিং)	০১	০১	০১
১০।	সহকারী পরিচালক (পিএসসি ও রিফর্মস)	০১	-	০১
১১।	সহকারী পরিচালক (পরিকল্পনা)	০১	-	০১
১২।	সহকারী পরিচালক (আইসিটি)	০১	-	০১
১৩।	সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন)	০১	০১	-
১৪।	সহকারী পরিচালক (অনুসন্ধান)	০১	-	০১
১৫।	সহকারী পরিচালক (অপারেশন)	০১	-	০১
১৬।	সিনিয়র কম্পিউটার অপারেটর	০১	-	০১
১৭।	প্রশাসনিক কর্মকর্তা	০১	-	০১
১৮।	হিসাব রক্ষণ কর্মকর্তা	০১	-	০১
১৯।	কম্পিউটার অপারেটর	০৪	-	০৪
২০।	ড্রাইভার	০৩	০৩	
২১।	সহকারী (হিসাব)	০১	-	০১
	<b>মোট</b>	<b>২৬</b>	<b>০৯</b>	<b>১৭</b>

হাইড্রোকার্বন ইউনিটের ২০১৭-২০১৮ অর্থ বছরের আউটসোর্সিং এ নিয়োজিত চতুর্থ শ্রেণির জনবল সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	অনুমোদিত পদের নাম	অনুমোদিত পদ সংখ্যা	অনুমোদিত পদের বিপরীতে পূরণকৃত জনবল	শূন্য পদ সংখ্যা
১।	বার্তাবাহক	০১	০১	০
২	অফিস সহায়ক	০৪	০৪	০
৩।	নিরাপত্তা প্রহরী	০৪	০৪	০
৪।	পরিচ্ছন্ন কর্মী	০১	০১	০
	<b>মোট</b>	<b>১০</b>	<b>১০</b>	<b>০০</b>



২০১৭-২০১৮ অর্থ বছরে হাইড্রোকার্বন ইউনিটের কর্মকর্তা/কর্মচারীগণের দেশীয় এবং বৈদেশিক প্রশিক্ষণঃ

বৈদেশিক প্রশিক্ষণঃ

ক্রঃ নং	পদবি	কোর্সের নাম	কোর্সের মেয়াদ	দেশের নাম	কোর্সের মোট ঘণ্টা
১.	উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	Annual Performance Evaluation and Management	২২-০৭-২০১৭ হতে ০২-০৮-২০১৭	থাইল্যান্ড	৭২
২.	পরিচালক (যুগ্ম সচিব)	Professional Development program on Engineering Design on Natural Gas Distribution Pipeline	২৮-০৭-২০১৭ হতে ০৪-০৮-২০১৭	ইন্দোনেশিয়া	৪০
৩.	পরিচালক (যুগ্ম সচিব)	HR Competencies: Forecasting, Design, Development and Implementation	০২-০২-২০১৮ হতে ১১-০২-২০১৮	মালয়েশিয়া	৪৮
৪.	মহাপরিচালক (যুগ্ম সচিব)	"LNG Value Chain Training Program"	১৫-০৬-২০১৮ হতে ২৯-০৬-২০১৮	জাপান	৮০

দেশীয় প্রশিক্ষণঃ

ক্রঃ নং	পদবি	কোর্সের নাম	কোর্সের মেয়াদ	প্রশিক্ষণ ইন্সটিটিউট এর নাম	কোর্সের মোট ঘণ্টা
১.	সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন)	Gas Pipeline Welding and NDT	০৬-০৮-২০১৭ হতে ১০-০৮-২০১৭	বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট	৪০
২.	উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	Environmental Issues of Project Management	০৬-০৫-২০১৮ হতে ১০-০৫-২০১৮	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)	৪০
৩.	উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	iBAS+++এর বাজেট প্রণয়ন মডিউলে ডাটা এন্ট্রি	১৭-০১-২০১৮	আইপিএফ	০৮
৪.	উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	২০১৮-১৯ অর্থ বছরের বাজেট পরিপত্র-১	২০-০১-২০১৮	আইপিএফ	০৮
৫.	উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)	২০১৮-১৯ অর্থ বছরের বাজেট পরিপত্র-১ এর জলবায়ু পরিবর্তনের ওপর প্রভাব	২১-০১-২০১৮	আইপিএফ	০৮
৬.	উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন)	a2i কর্তৃক আয়োজিত ই-ফাইলিং _এর উপর সঞ্জীবনী প্রশিক্ষণ	২৭-০৫-২০১৮ হতে ২৮-০৫-২০১৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	১৬

### বৈদেশিক প্রোগ্রাম/সেমিনার/ওয়ার্কশপ-এ অংশগ্রহণঃ

১.	পরিচালক (যুগ্ম সচিব)	ACD Confernce Towards Energy Security, Sustainabilty and Resiliency	০৭-০৮-২০১৭ হতে ০৯-০৯-২০১৭	ফিলিপাইন	১৬
২.	মহাপরিচালক (যুগ্ম সচিব)	Power and Energy Connectivity in South Asia	২৫-১০-২০১৭ হতে ২৬-১০-২০১৭	ভূটান	১৬
৩.	মহাপরিচালক (যুগ্ম সচিব)	Global Preparatory Meeting on Sustainable Development Goal 7 (Energy)	২১-০২-২০১৮ হতে ২৩-০২-২০১৮	থাইল্যান্ড	২৪

### ৮. পরিবেশ সংরক্ষণ

#### ৯. ভবিষ্যৎ পরিকল্পনাঃ

বাংলাদেশের প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্য বিমোচন ও পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে রাজস্ব খাতের আওতায় নিয়মিত গবেষণা কার্যক্রম পরিচালনার পাশাপাশি এর কর্মধারাকে অধিকতর কার্যকর করার উদ্দেশ্যে হাইড্রোকার্বন ইউনিট কর্তৃক “Capacity Building of Human Resources and Petroleum Resources Management” শীর্ষক প্রকল্প হাতে নেয়া হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প ২০২১ এবং ভিশন-২০৪১ অর্জনের জন্য একটি দক্ষ জনশক্তি সৃষ্টির প্রয়াস অব্যাহত রাখা হবে।

- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কারিগরী সহায়ক শক্তি হিসাবে সুপ্রতিষ্ঠা করা ;
- নিয়মিত ওয়ার্কশপ, সেমিনারের আয়োজন ;
- হাইড্রোকার্বন ইউনিটকে আন্তর্জাতিক মানে উন্নীত করা ;
- কর্মকর্তাদের জ্বালানি সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান হতে ব্যবহারিক অভিজ্ঞতা এবং জ্ঞান অর্জনের নিমিত্তে স্বল্প সময়ের জন্য প্রেষণের ব্যবস্থা করা ;
- জ্বালানি ও খনিজ সেক্টরে যুগোপযোগি বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা ;
- কর্মকর্তা/কর্মচারীদের দেশী/বিদেশী প্রশিক্ষণের ব্যবস্থা করা ;
- স্টাডি ও গবেষণাধর্মী কর্মসম্পাদন ;

#### ১০. অন্যান্য গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকান্ডঃ

- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক চাহিত জাতীয় ও আন্তর্জাতিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রতিবেদন ও মতামত প্রস্তুতপূর্বক প্রেরণ।